31 MAY 2017
2 ... ৮

সমকাল

ঘুষের টাকাসহ হাতেনাতে গ্রেফতার শিক্ষা পরিদর্শক

■ সমকাল প্রতিবেদক

ফাঁদ পেতে ঘুষের টাকাসহ শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের (ডিআইএ) সহকারী শিক্ষা পরিদর্শক মোস্তাফিজুর রহমানকে গ্রেফতার করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। গতকাল মঙ্গলবার বিকেলে রাজধানীর নয়াপল্টনের পলওয়েল মার্কেট সংলগ্ন একটি জায়গায় দুই লাখ টাকা ঘুষ নেওয়ার সময় তাকে গ্রেফতার করে ওত পেতে থাকা দুদকের একটি বিশেষ টিম।

গ্রেফতারের পর তাকে পল্টন থানা হেফাজতে রাখা হয়। পরে দুদকের ঢাকা-১ কার্যালয়ের সহকারী পরিচালক নূর-ই-আলম বাদী হয়ে মোস্তাফিজুর রহমানকে আসামি করে একই থানায় মামলা করেন।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন সমকালকে জানান, আজ বুধবার ওই কর্মকর্তাকে সাময়িক বরখাস্ত (সাসপেন্ড) করা হবে।

দুদক সূত্র জানায়, মোস্তাফিজুর রহমান পিরোজপুর জেলার নাজিরপুর উপজেলার পঞ্চগ্রাম সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন করে বিদ্যালয়ের অনুকূলে রিপোর্ট প্রদানের আশ্বাস দিয়ে বিদ্যালয় কর্তৃপক্ষের কাছে ৩ লাখ টাকা ঘুষ দাবি করেন। ওই সময় তিনি ওই এলাকার আরও বিদ্যালয় পরিদর্শন করেছিলেন। টাকা না দিলে খারাপ রিপোর্ট দেওয়ার হুমকিও দিয়েছিলেন। পরে বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিষয়টি দুদককে অবহিত করেন। এরপর ওই পরিদর্শককে গ্রেফতারের আইনি প্রক্রিয়া সম্পন্ন করে দুদক। ঘুষের টাকা নেওয়ার জায়গা নির্ধারণ করা হয়েছিল পলওয়েল মার্কেটের পাশের একটি জায়গায়। গতকাল বিকেল সোয়া ৫টায় ঘুষের টাকা নেওয়ার আগেই ছদ্মবেশে ওই স্থানে ওত পেতে থাকে দুদকের ঢাকা বিভাগীয় পরিচালক নাসিম আনোয়ারের ■ পৃষ্ঠা ৪ : কলাম ৭

ঘুষের টাকাসহ হাতেনাতে

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

নেতৃত্বে ১১ সদস্যের টিমের সদস্যরা।

বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছ থেকে ঘুষের ২ লাখ টাকা নেওয়ার সময় হাতেনাতে গ্রেফতার করা হয় মোস্তাফিজুর রহমানকে। ওই সময় তার দেহ তল্লাশি করে আরও ৯৮ হাজার টাকা উদ্ধার করা হয়। এই টাকার বৈধ উৎস জানাতে ব্যর্থ হন তিনি।

ডিআইএর পরিচালক অধ্যাপক আহম্মেদ সাজ্জাদ রশীদ সমকালকে বলেন, শিক্ষা প্রতিষ্ঠানের স্বচ্ছতা নিশ্চিত করতে কাজ করে ডিআইএ। সেখানে ডিআইএর কেউ যদি এ ধরনের অপরাধমূলক কাজে জড়িত হয়, অবশ্যই তাকে শাস্তি পেতে হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এ. বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর